গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.bomd.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর [১.২] নং কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে অংশীজনদের (Stakeholder) অংশগ্রহণে আয়োজিত তৃতীয় অবহিতকরণ সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আব্দুল কাইউম সরকার<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ২১ মার্চ, ২০২৪ |
| সভার সময় | সকাল ১১.০০টা |
| স্থান | ভার্চুয়াল (জুম) প্লাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় উপস্থিত ছিলেন বিভিন্ন জেলা প্রশাসকের কার্যালয়ের প্রতিনিধি, ও সংশ্লিষ্ট জেলার ইজারাদারগণ। এছাড়াও উপস্থিত ছিলেন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের যুগ্মসচিব, উপসচিবসহ বিসিএমসিএল, এমজিএমসিএল, পেট্রোবাংলা, বিপিআই, জিএসবি, হাইড্রোকার্বন ইউনিট ও পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধিগণ। বিএমডি নাগরিক সেবাসমূহ সেবাগ্রহীতাগণ সঠিকভাবে পাচ্ছে কিনা, কিভাবে সেবাটি আরও উন্নত ও সহজতর করা যায় এবং কী কী সেবা বিএমডি দিয়ে থাকে এ সকল বিষয় নিয়েই সভাটি অনুষ্ঠিত হয়।

২.০ সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (খনি প্রকৌশল) সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর তৃতীয় কোয়ার্টারের অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোকপাত করেন। নাগরিক সেবার সাথে বিএমডি সরাসরি যুক্ত থাকায় বিএমডির সেবা প্রদান প্রতিশ্রুতির বিভিন্ন নাগরিক সেবা যেমন- তেল ও গ্যাস ব্যতীত অন্যান্য খনিজের অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা, কোয়ারি ইজারা ইত্যাদি সেবা প্রাপ্তির পদ্ধতি ও প্রয়োজনীয় কাজগপত্রের তালিকার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এছাড়াও বিএমডির প্রাতিষ্ঠানিক সেবা ও সেবা প্রদান পদ্ধতি সম্পর্কে তিনি সভায় উপস্থিত অংশীজনদের অবহিত করেন। বিস্তারিত আলোচনা শেষে অংশীজনদের মতামত জানতে চাইলে মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানি লিঃ এর উপ-ব্যবস্থাপক (মার্কেটিং) মোঃ আশরাফুল আলম বলেন, তারা প্রতি মাসে কঠিন শিলা উৎপাদন প্রতিবেদন বিএমডি বরাবর নির্দেশনা অনুযায়ী ০৭ তারিখের মধ্যে দাখিল করে থাকেন। এই সময়সীমা বৃদ্ধি করে ০৭ কার্যদিবস বা ১০ কার্যদিবস করার জন্য তিনি অনুরোধ জানান। এ প্রসঙ্গে বিএমডির উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব) বলেন, বিএমডির সকল কার্যক্রম বিধি মোতাবেক সংঘটিত হয়। সে সাপেক্ষে উক্ত সময়সীমার ব্যাপারে খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২-তে স্পষ্টীকরণ করা আছে বিধায় তা বর্ধিতকরণের কোনো সুযোগ নেই মর্মে তিনি উল্লেখ করেন। এ ব্যাপারে বিএমডির মহাপরিচালক মহোদয় ভবিষ্যতে বিধিমালা সংশোধণ করা হলে সংশ্লিষ্ট বিধিটি সংশোধনের আশ্বাস প্রদান করেন।

৩.০ বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানি (বিসিএমসিএল)-এর একজন প্রতিনিধি বলেন, বর্তমানে অনুসন্ধান লাইসেন্স আবেদনের ক্ষেত্রে 'মালিকের নামসহ আবেদনকৃত এলাকার জমির তফসিল' দাখিলের বিধান রয়েছে। কিন্তু অনুসন্ধান কার্যের এলাকা অনেক বড় হওয়ায় উক্ত কাগজপত্র দাখিল করা তাদের পক্ষে খুবই কষ্টসাধ্য হয়ে পড়ে। এক্ষেত্রে অনুসন্ধান কাজ সমাপ্ত হলে একটি নির্দিষ্ট এলাকায় খনি খননের পরিকল্পনা করা হয়। সেক্ষেত্রে খনি ইজারার আবেদনের সাথে উক্ত কাগজপত্র দাখিলের বিধান থাকলে বিষয়টি সহজতর হতো। এ প্রসঙ্গে বিএমডির উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব) বলেন, এক্ষেত্রে যে এলাকায় লাইসেন্সের আবেদন করা হয়েছে সেখানে কোনো ব্যক্তি মালিকানাধীন ভূমি আছে কিনা থাকলে তাদের অনাপত্তিপত্র/তাদের সাথে চুক্তিপত্র এবং জেলা প্রশাসক, সহকারী কমিশনার (ভূমি) অফিসের আওতাধীন এলাকা হলে কার্যক্রম

সম্পাদনের কোনো অসুবিধা সৃষ্টি হবেনা মর্মে তাদের প্রত্যয়ন দাখিল করা যেতে পারে। এ বিষয়ে মহাপরিচালক মহোদয় জানান বিধি অনুযায়ী বিষয়টি কতটুকু যৌক্তিক তা যাচাই বাছাই এর পর সিদ্ধান্ত নেয়া হবে।

৪.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

১. খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুযায়ী অনুসন্ধান লাইসেন্স, কোয়ারি ইজারা ও খনি ইজারা অব্যাহত রাখা।
২. সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদ করতে হবে এবং এ সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৩-২৪ যথাযথ বাস্তবায়ন করতে হবে।

৫.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮-০৩-২০২৪
মোঃ আব্দুল কাইউম সরকার
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
+৮৮০২৮৩৯১৫৬৭
dg@bomd.gov.bd

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৮ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৭.০০০০.০০৪.৩৫.০০১.২৪.১৫৪

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :
১। সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
২। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
৩। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
৪। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৫। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, পরিবেশ অধিদপ্তর;
৬। মহাপরিচালক (যুগ্মসচিব), মহাপরিচালকের দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৭। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় , হবিগঞ্জ;
৮। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট;
৯। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার;
১০। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ;
১১। জেলা প্রশাসক , জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট;
১২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ;
১৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর;
১৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়;
১৫। জেলা প্রশাসক , জেলা প্রশাসকের কার্যালয়, বান্দরবান;
১৬। উপসচিব, অপারেশন-৩ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
১৭। উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
১৮। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল);
১৯। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড;

২০। জেনারেল ম্যানেজার, এভারলাস্ট মিনারেল্স লিমিটেড;

২১। জনাব মোঃ মিজানুর রহমান/জনাব মোঃ শফিকুল ইসলাম/জনাব মোঃ সেলিম আহমেদ/জনাব মোঃ সালেক মিয়া/জনাব মোঃ পারভেজ হোসেন, সিলিকাবালু কোয়ারি ইজারাদার, হবিগঞ্জ, সিলেট;

২২। প্রোপাইটর জনাব মো: গোলাম কিবরিয়া, বাংলাদেশ এগ্রো সিরামিক কোম্পানি লি. এবং

২৩। সংশ্লিস্ট নথি/অফিস কপি।



২৮-০৩-২০২৪
প্রকৌঃ ফারজানা হক
সহকারী পরিচালক (খনি প্রকৌশল)